




স্মারক নং- ৪৬.০৭.৫৫৫০.৫৫৭.০৫.৫৫০.২১ - ৪২৮ (৬)

তারিখ : ৪/১০/২০২৩ খ্রি:

### অফিস আদেশ

এতদ্বারা খুলনা ওয়াসার সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা ওয়াসার ২০২১-২২ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রা সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এর আওতায় ১.৩ “সেবা ডিজিটাইজেশন” এর কার্যক্রম “ব্যাংকে জমাকৃত খুলনা ওয়াসার গ্রাহকবৃন্দের বিলসমূহ অনলাইনে পোস্টিং প্রদানের মাধ্যমে খুলনা ওয়াসা সার্ভারে প্রেরণ” এর উদ্ভাবন ও উদ্ভাবন পরবর্তী পাইলটিং কার্যক্রম ইতোমধ্যেই সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এমতাবস্থায় আগামী ০৭/১০/২০২১ ইং তারিখ হতে খুলনা ওয়াসার বিভিন্ন ব্যাংকে জমাকৃত খুলনা ওয়াসার গ্রাহকবৃন্দের বিলসমূহ অনলাইনে পোস্টিং প্রদানের নিমিত্ত সকল স্টেকহোল্ডার ব্যাংকসমূহকে যথানিয়মে খুলনা ওয়াসার অনলাইন ব্যাংক পোস্টিং সফটওয়্যার-এ পৃথক পৃথক আইডি ও পাসওয়ার্ড এর মাধ্যমে লগইন করে বিল পোস্টিং করার জন্য এবং সংশ্লিষ্ট সহকারি প্রোগ্রামার ও রাজস্ব শাখার কর্মকর্তাবৃন্দের নিয়মিত অনলাইন পোস্টিং কার্যক্রম যথাযথ তত্ত্বাবধানের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, অদ্য হতে খুলনা ওয়াসার ম্যানুয়াল বিল পোস্টিং কার্যক্রম বন্ধ ঘোষণা করা হল।



(কানিজ ফাতেমা তানিয়া)

উপসচিব

জেনারেল ম্যানেজার, খুলনা ওয়াসা।

### বিতরণঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)

- ১। ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা।
- ২। উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), খুলনা ওয়াসা।
- ৩। উপব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল), খুলনা ওয়াসা।
- ৪। বাণিজ্যিক ব্যবস্থাপক, খুলনা ওয়াসা।
- ৫। সহকারি প্রোগ্রামার, খুলনা ওয়াসা।
- ৬। রাজস্ব কর্মকর্তাবৃন্দ (সকল), খুলনা ওয়াসা।

২০৫